

41 Report

শাবি : হতাশা নিয়েই ইউনিভার্সিটি লাইফ শুরু করছে ছাত্রীরা

নাজমুল আলম শিবির শাবি



ইউনিভার্সিটি 'কর্তৃপক্ষ' ভর্তির দিনই বলে দিয়েছে হলে সিট হবে না, প্রশাসন ছাত্রীদের কোনো দায়িত্ব নিতে পারবে না। তাহলে থাকবে কোথায়, ক্লাস করবে কিভাবে। কেন প্রশাসন ছাত্রীদের দায়িত্ব নিতে পারবে না। এ প্রশ্ন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম সেমিস্টারের ছাত্রী খুসরু রহমানের। কেবল খুসরু রহমান একা নয়, শাহজালাল বিশ্ববিদ্যালয়ের চলতি সেমিস্টারের প্রায় চারশ ছাত্রীর একই প্রশ্ন ইউনিভার্সিটি প্রশাসনের কাছে।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০০৭-০৮ শিক্ষা বর্ষে প্রথম সেমিস্টারের ক্লাস শুরু হচ্ছে আজ সোমবার থেকে। ভর্তিকৃত ছাত্রীদের আবাসনের

প্রশাসন। ফলে চরম ভোগান্তিতে পড়েছে ছাত্রীরা। সেই সঙ্গে সিলেট শহরে ছাত্রীদের থাকার মতো কোনো হস্টেল বা যেস না থাকায় চরম বিপাকে পড়েছে নবাবগড় ছাত্রীরা। ছাত্রী হলে সূত্রে জানা যায়, প্রতি বছর নতুন ছাত্রীদের জন্য প্রশাসন একমাত্র ছাত্রী হলে এবং ভাড়া করা বিকিৎয়ে আবাসনের ব্যবস্থা করে থাকে। কিন্তু এ বছর ছাত্রীদের আবাসনের কোনো ব্যবস্থা করেনি প্রশাসন। সেই সঙ্গে ভর্তির দিনই ছাত্রীদের জানিয়ে দেয়া হয়েছে হলে সিট হবে না। নিজ দায়িত্বে থাকার ব্যবস্থা করতে হবে। ফলে দেশের বিভিন্ন স্থান থেকে আসা ছাত্রীরা চরম ভোগান্তিতে পড়েছে। প্রশাসনের এ আচরণ কে বিমাতাসুন্দর বলছে ছাত্রী ও তাদের অভিভাবকরা। একমাত্র যেহেতু শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ভর্তি করিয়েছেন ঢাকার জুকার হোসেন। তিনি রবিবার সারা দিনই সঙ্গে ছিলেন যেসের জরায়নের

যোজে। তিনি কোডের সঙ্গে বলেন, সিলেট শহরে ছাত্রীদের থাকার ব্যবস্থা নেই কেনে প্রশাসনের এ সিদ্ধান্ত কেবল দায়িত্বহীনতা নয়, চরম খামখেয়ালি। ছাত্র ফ্রন্টের আহ্বায়ক আবদুল্লাহ আল মামুন বলেন, ছাত্রীদের আবাসন ব্যবস্থা না করে শিক্ষাকে পণ্যে পরিণত করার চক্রান্তই বস্তবায়ন করছে প্রশাসন। ছাত্রদল শাবি শাখার সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম জানান, বিশ্ববিদ্যালয়ের এ দায়িত্বহীনতা কোনোভাবেই কাম্য নয়। তিনি অবিলম্বে ছাত্রীদের আবাসিক ব্যবস্থা করার দাবি জানান। এ বিষয়ে শাবির একমাত্র ছাত্রী হলের প্রজেক্ট ড. সাবিনা ইসলাম বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী ছাত্রীদের আবাসন নিচ্ছেদেরই করণ্ডে হবে। ডিসি ড. এম আমিনুল ইসলাম বলেন, ছাত্রীদের বিষয়টি দেখার জন্য প্রজেক্ট ও শিক্ষকের নির্দেশ দেয়া প্রয়োজন।